দৈনিক
ইনকিলাব

তারিখ ... 03-MAR-2008 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ২ ...

# ফাজিল স্নাতক ও বিশেষ পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন

**স্টাফ রিপোর্টার**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষে ৩ বছর মেয়াদী ফাজিল (স্নাতক) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের ১ম বর্ষ চূড়ান্ত পরীক্ষা এবং ২০০৬-০৭ ও ২০০৭-'০৮ শিক্ষাবর্ষে কামিল শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের ফাযিল (বিশেষ) পরীক্ষার প্রস্তুতি প্রায় চূড়ান্ত পর্যায়ে। এ সকল পরীক্ষার সময়সূচী অতি শীঘ্রই পত্রিকার মাধ্যমে ঘোষণা করা হবে।

# অচিরেই ফাযিল ও কামিল পরীক্ষার সূচী ঘোষণা হবে

*–মাওলানা শাব্বির আহমদ মোমতাজী*

রাঙ্গুনিয়া উপজেলা সংবাদদাতা : গতকাল (রোববার) রাঙ্গুনিয়া মরিয়ম নগর মাস্টার কমিউনিটি সেন্টারে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন রাঙ্গুনিয়া উপজেলা শাখার সম্মেলনে প্রধান অতিথি হিসেবে জমিয়াতুল মোদার্রেছীন-এর সেক্রেটারী জেনারেল আলহাজ্ব মাওলানা শাব্বির আহমদ মোমতাজী বলেন, অচিরেই ফাজিল ও কামিল পরীক্ষা সূচী ঘোষণা করা হবে। এ ব্যাপারে কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি ও রেজিস্ট্রারের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে। শুধু কার্যক্রমের আনুষ্ঠানিকতা বাকি রয়েছে। তিনি আরো বলেন, এই সংগঠনের প্রতিষ্ঠাতা মরহুম এম. এ. মান্নানের সুযোগ্য পুত্র জনাব এ. এম. এম. বাহাউদ্দীন সংগঠনের সভাপতি হিসেবে প্রধান উপদেষ্টাসহ সংশ্লিষ্ট দায়িত্বশীল মহলের সাথে পরীক্ষাসূচীসহ মাদ্রাসার শিক্ষক, কর্মচারীদের সকল প্রকার দাবী দাওয়া ও সমস্যাবলী আলোচনার মাধ্যমে সমাধানের প্রক্রিয়া চালিয়ে যাচ্ছেন। তিনি আরো বলেন, মাদ্রাসা শিক্ষক কর্মচারীদের অনড় অবস্থানের সুফল হিসেবে ফাজিলকে ডিগ্রী ও কামিলকে মাস্টার্স হিসেবে সরকার স্বীকৃতি দিতে বাধ্য হয়েছে। রাঙ্গুনিয়া জমিয়াতুল মোদার্রেছীনের সহ-সভাপতি আলহাজ্ব মাওলানা সৈয়দ মুহাম্মদ খাইরুল বশর নঈমীর সভাপতিত্বে সম্মেলনে শুভেচ্ছা বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ আব্দুর রউফ। বিশেষ অতিথি হিসেবে যথাক্রমে সংগঠনের চট্টগ্রাম শাখার সভাপতি আলহাজ্ব মাওলানা মুহাম্মদ সাখাওয়াত হোছাইন, সম্পাদক আলহাজ্ব মাওলানা কাজী আবুল বয়ান হাশেমী, জমিয়াতুল মোদার্রেছীন-এর নির্বাহী সদস্য আলহাজ্ব মাওলানা নূর মোহাম্মদ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাঙ্গুনিয়া শাখার সভাপতি অধ্যক্ষ আ.ন.ম শামসুল আলম চৌধুরী। সম্মেলন পরিচালনা করেন উপজেলার ভারপ্রাপ্ত সম্পাদক মাওলানা মুহাম্মদ আবু তাহের। সম্মেলনে আগামী ৫ বছরের জন্য রাঙ্গুনিয়া জমিয়াতুল মোদার্রেছীন উপজেলা শাখা গঠিত হয়েছে। এতে অধ্যক্ষ আ.ন.ম শামসুল আলম চৌধুরীকে সভাপতি, মাওলানা মুহাম্মদ আবু তাহেরকে সম্পাদক করে ৩৭ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি গঠন করা হয়।